

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ১০, ১৯৯১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বিচার শাখা-৪
প্রজ্ঞাপন

তারিখ, ২৫শে মাঘ ১৪০৫ বাং/৭ই ফেব্রুয়ারি ১৯৯১ ইং

এস, আর, ও নং ২০-আইন/৯৯-সরকার ১৮৯৮ সালের ফৌজদারী কার্যবিধি আইন (১৮৯৮ সনের ৩ নং আইন) এর ৯ ধারার বিধান মতে এতদ্বারা—

- (১) চট্টগ্রাম মহানগর এলাকার জন্য মহানগর সেশন আদালত প্রতিষ্ঠা করিল, যাহা আগামী ১৬ই ফেব্রুয়ারি, ১৯৯১ সন হইতে কার্যকর হইবে।
- (২) চট্টগ্রাম মহানগর সেশন আদালতের কার্যস্থল, পরবর্তীতে ভিন্নরূপ আদেশ না হওয়া পর্যন্ত, চট্টগ্রাম জেলাজজ আদালত ভবনে তদুদ্দেশ্যে নির্ধারিত অংশে অবস্থিত হইবে।
- (৩) চট্টগ্রাম মহানগর আদালত এর স্থানীয় অধিক্ষেত্র হইবে ১৯৭৮ সালের চট্টগ্রাম মহানগর পুলিশ অধ্যাদেশের (১৯৭৮ সালের ৪৮ নং অধ্যাদেশ) এ “মহানগর এলাকার” জন্য প্রদত্ত সংজ্ঞার অন্তর্ভুক্ত এলাকা, যাহা বর্তমান (১) কোতলালী, (২) ডবল-মুরিং, (৩) পাঁচলাইস, (৪) বন্দর, (৫) পাহাড়তলী, এবং (৬) চান্দগাও থানার সমন্বয়ে গঠিত।
- (৪) চট্টগ্রাম মহানগর সেশন আদালত প্রতিষ্ঠিত ও কার্যকর হওয়ার সাথে সাথে চট্টগ্রাম সেশন ডিভিশনের স্থানীয় অধিক্ষেত্র হইতে পূর্ববর্তী দফার উল্লিখিত এলাকা বিলুপ্ত হইবে এবং তৎপূর্বে চট্টগ্রাম সেশন ডিভিশনের সেশন আদালতে উক্ত এলাকা হইতে উদ্ভূত বিচারাধীন বাবতীয় ফৌজদারী মামলা মহানগর সেশন আদালতে স্থানান্তরিত হইবে।

- (৫) অত্র প্রজ্ঞাপন এতদ্বিষয়ে ইতিপূর্বে ২৩শে পৌষ, ১৪০৫ বাংলা মোতাবেক ৬ই জানুয়ারী, ১৯৯৮ ইং তারিখে প্রচারিত বিচার-৪/৫সি-১৬/৮৪ নং এবং এস, আর ও ৭-আইন/৯৯ নং প্রজ্ঞাপন এর স্থলাভিষিক্ত হইবে এবং পূর্বোল্লিখিত প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ. কে. এম. ইসতিয়াক হুসাইন
উপ-সচিব (প্রঃ)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়,
ঢাকা কর্তৃক মদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।